

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৮

সিএন্টএফ এজেন্টস হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org

E-mail- cnfctg@gmail.com, info@cnfctg.com

চিটাগং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ঢাক্কা- ৮১০০।

প্রচার পত্র নং- ৫৭/২০১২

তারিখঃ ০৮/১০/২০১২খঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের প্রতি,

২৩ আশ্বিন, ১৪১৯ বাংলা।

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-১০, তারিখঃ ০৭/১০/২০১২ইং সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যাবর্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

এম রহমান

উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ নং-১০

তারিখঃ ৭/১০/২০১২।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যক্রমের জন্য নিম্নবর্ণিত আদেশসমূহ জারী করা হলঃ

- ১। অনেক ক্ষেত্রে আমদানিকৃত পণ্য খালাসে নিয়োজিত সিএন্টএফ এজেন্টগণ চালানের মূল এলসি এবং এলসিএ দাখিল করে না। মূল এলসি এবং এলসিএ না দেখে পণ্য চালান শুল্কায়নের কোন আইনগত অবকাশ নেই। এ ক্ষেত্রে মূল এলসি এবং এলসিএ দেখে শুল্কায়নের জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হলো;
- ২। এক কর্মকর্তার নামে এ্যাসাইনকৃত বি/ই অন্য কর্মকর্তা শুল্কায়ন করায় শুল্কায়নের ক্ষেত্রে বিশৃঙ্খলা সৃষ্টি ও জালিয়াতির সুযোগ তৈরী হয় এটা বেআইনী। তাই, পণ্য চালান শুল্কায়নের সময় বি/ই এর Status পরীক্ষা করে শুল্কায়নের অন্য সকল সহকারী রাজস্ব কর্মকর্তা ও রাজস্ব কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হলো। তবে এ্যাসাইনকৃত কর্মকর্তার অনুপস্থিতিতের কারণে নাম পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট সেকশন তত্ত্বাবধানকারী সহকারী/ডেপুটি কমিশনারের অনুমোদনক্রমে এক্সপ্রেস শুল্কায়ন করা যাবে;
- ৩। Partial Shipment চালানের ক্ষেত্রে এলসিএ এ পিছনে এলসি তথ্য এবং অবশিষ্ট পণ্যের পরিমাণ শুল্কায়নকারী কর্মকর্তা কর্তৃক আবশ্যিকভাবে লিপিবদ্ধ করতে হবে। আউটপাশের সময় মূল এলসি এবং এলসিএ জমা নেয়ার জন্য আউটপাশের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীকে নির্দেশ প্রদান করা হলো।
- ৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. মারফুল ইসলাম)

কমিশনার অব কাস্টমস্

কাস্টম হাউস, চট্টগ্রাম

ফোনঃ ০৩১-৭১৩৯১৮

নথি নং-৫৬/বিবিধ/সেকশন-৫/০৮-০৯/৭৯৭ কাস

তারিখঃ ০৭/১০/২০১২।

পৃষ্ঠা নং- ৬৬